**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 04-09-2026**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Janmastami :**

আজ  জন্মাষ্টমী। ভগবান শ্রী কৃষ্ণের আবির্ভাব তিথি৷ রাজ্যে জন্মাষ্টমী ব্রত উৎসব পালনে নানা দেবালয় ও ঘরে ঘরে প্রস্তুতি চলছে। আগরতলার জগন্নাথ জিউ মন্দির, ইসকন মন্দির, শ্রী কৃষ্ণ মন্দিরে বিশেষ পূজা পাঠের আয়োজন করা হয়েছে।

*********************

**Greeting  of Prez:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু জন্মাষ্টমী উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি বলেন, প্রভু শ্রীকৃষ্ণের জীবন ও শিক্ষায় ভারতীয় সাংস্কৃতিক এবং দার্শনিক ঐতিহ্যে নতুন প্রাণ সঞ্চার করেছে। তিনি বলেন, প্রভু শ্রী কৃষ্ণের শিক্ষাগুলি, যা শ্রীমদ ভাগবত গীতায় লিপিবদ্ধ রয়েছে , তা,  কঠিন সময়ে বিবেচনাপূর্ণ সিদ্ধান্ত নেওয়া এবং নৈতিক মূল্যে অটল থাকার বিষয়ে মানবজাতির জন্য চিরকালীন অনুপ্রেরণার উৎস হিসেবে কাজ করে।  রাষ্ট্রপতি বলেন, জন্মাষ্টমী  উৎসব সবার মধ্যে সামঞ্জস্যের চেতনা, কর্তব্য এবং সেবার প্রতি নিষ্ঠা বজায় রাখার প্রেরণা যোগায়।

*************************

**FCRA  Bill.**

কেন্দ্রীয় সরকার গতকাল বিদেশী  অনুদান (নিয়ন্ত্রণ) সংশোধনী বিল ২০২৬ FCRA পর্যালোচনায় সংসদের ৩১ জন সদস্যকে  নিয়ে যৌথ সংসদীয় কমিটি গঠন

করেছে। নেতৃত্বে রয়েছেন লোকসভা সদস্য সঞ্জয় জয়সওয়াল। যৌথ কমিটি FCRA সংশোধনী বিলটি পরীক্ষা করে দেখবে।কমিটির অন্যান্য সদস্যদের সাথে রয়েছেন লোকসভা সদস্য ভর্তৃহরী মহতাব, তেজস্বী সূর্য, নিশিকান্ত দুবে, এ. রাজা এবং সুপ্রিয়া সুলে। রাজ্যসভা থেকে কমিটিতে রয়েছেন হর্ষ বর্ধন শৃঙ্গলা, সঞ্জয় কুমার ঝাঁ, প্রফুল প্যাটেল এবং মেনকা গুরুস্বামী। গত ১২ আগস্ট সংসদের উভয় সভা বিদেশী অনুদান (নিয়ন্ত্রণ) সংশোধনী বিল ২০২৬কে যৌথ সংসদীয় কমিটিতে প্রেরণের জন্য অনুমোদন দিয়েছে, যাতে আরও বিস্তারিতভাবে বিলটিকে পর্যালোচনা করা যায়। FCRA বিলের উদ্দেশ্য হলো বিদেশি অনুদান ব্যবহারের ক্ষেত্রে আরও স্বচ্ছতা এবং জবাবদিহিতা নিশ্চিত করা।

***************************

**Village Vote ADC.**

জন্মাষ্টমী উপলক্ষে আজ ও আগামীকাল শনিবার সরকারী ছুটির দিন হলেও এডিসি ভিলেজ নির্বাচনে মনোনয়ন পত্র জমা দেওয়া যাবে। রাজ্য নির্বাচন কমিশন থেকে এই সিদ্ধান্তের কথা ঘোষণা করা হয়েছে। গত ১ লা সেপ্টেম্বর নির্বানের বিজ্ঞপ্তি জারি করা হয়। মনোনয়ন পত্র জমার শেষ দিন আগামী ৮ ই সেপ্টেম্বর। মনোনয়নপত্র পরীক্ষা করে দেখা হবে আগামী ৯ ই সেপ্টেম্বর। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ১১ ই সেপ্টেম্বর। ভোট গ্রহণ করা হবে আগামী ২৮ শে সেপ্টেম্বর। ভোট গননা করা হবে আগামী ৫ই অক্টোবর।

****************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ একটি অন্তর্ভুক্তিমূলক, দক্ষতাভিত্তিক এবং ভবিষ্যৎ উপযোগী শিক্ষা ব্যবস্থার ভিত্তি স্থাপন করছে। গতকাল আগরতলার টেকনো কলেজ অব ইঞ্জিনিয়ারিং,

আগরতলা আয়োজিত 'শিক্ষক সম্মান-২০২৬' অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, এই শিক্ষানীতির লক্ষ্য ভারতীয় মূল্যবোধ ও ঐতিহ্যের ভিত্তিতে এমন একটি শিক্ষা ব্যবস্থা গড়ে তোলা, যা সমাজকে একটি সত্যনিষ্ঠ ও সঠিক জ্ঞানের অধিকারী হিসেবে গড়ে তুলবে| অনুষ্ঠানে বক্তব্য রাখেন রাজ্য বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, টেকনো কলেজ অব ইঞ্জিনিয়ারিং, আগরতলার অধ্যক্ষ এবং টেকনো ইন্ডিয়া ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক দিবাকর দেব|

**********************

**Online CAB Service :**

এম বি বি বিমানবন্দর, আগরতলা ও যোগেন্দ্রনগর রেলওয়ে স্টেশনে গতকাল থেকে অ্যাপ-ভিত্তিক অনলাইন ক্যাব ও অটো পরিষেবা চালু হয়েছে| পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী এই পরিষেবার সূচনা করেন| এ উপলক্ষ্যে এম বি বি বিমানবন্দরে আয়োজিত অনুষ্ঠানে পরিবহণমন্ত্রী শ্রী চৌধুরী বলেন, প্রতিদিন প্রায় ৪ হাজার ৫০০ জন যাত্রী এম.বি.বি. বিমানবন্দরে, প্রায় ১০ হাজার যাত্রী আগরতলা রেলস্টেশনে ও প্রায় ৬ হাজার যাত্রী যোগেন্দ্রনগর রেল স্টেশনে যাতায়াত করেন। এই পরিষেবা চালুর ফলে বিমানবন্দর ও রেলস্টেশন থেকে যাত্রী ও পর্যটকদের যাতায়াত আরও সহজ ও সুবিধাজনক হবে।

*********************

**NF Railway :**

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে নিউ হারাঙ্গাজাও স্টেশনের ২ ও ৩ নম্বর রেললাইনের মেরামত কাজ সফলভাবে সম্পন্ন করেছে। সংস্কার কাজ শেষ হওয়ায় এই লাইনগুলির মাধ্যমে ট্রেন চলাচল ধীরে ধীরে স্বাভাবিক করা হচ্ছে| নিউ হারাঙ্গাজাও স্টেশনের কাছে ১ নম্বর লাইনের মেরামতের কাজও

অগ্রাধিকারের ভিত্তিতে এগিয়ে চলছে। উত্তর-পূর্ব সীমান্ত রেলের পক্ষ থেকে জানানো হয়েছে, ১৫৬৫০ নারেঙ্গি-আগরতলা এক্সপ্রেস আজ  নারেঙ্গি থেকে সন্ধ্যা সাড়ে ছয়টায় আগরতলার উদ্দেশ্যে রওনা হবে|

*******************

**First Division Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবলের গতরাতের খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার ৫-১ গোলে নাইন বুলেটস ক্লাবকে পরাজিত করে। বিজয়ী লালবাহাদুর ব্যায়ামাগারের লাললাওয়াম সাঙ্গা হ্যাটট্রিক করেন।

**********************

**Senior women  cricket  :**

রাজ্যভিত্তিক সিনিয়র মহিলাদের ক্রিকেট আসরে  গতকাল  চারটি ম্যাচ অনুষ্ঠিত হয়।  ম্যাচগুলোতে  বিশালগড়, সদর এবং শান্তিরবাজার  জয়ে পেয়েছে। বিলোনিয়ায়  লংতরাইভ্যালি ও আমবাসার ম্যাচটি বৃষ্টির জন্য বাতিল হয়ে যায়। বাইখোড়া স্কুল মাঠের  ম্যাচে শান্তিরবাজার ১৩৭ রানে বিলোনিয়াকে পরাজিত করেছে।মেলাঘরে আয়োজিত ম্যাচে সদর মহকুমা দল দশ উইকেটে সোনামুড়াকে পরাজিত করেছে। উদয়পুরের  জামজুরি মাঠে আয়োজিত ম্যাচে বিশালগড় পাঁচ উইকেটে ধর্মনগরকে পরাজিত করেছে।

 ***********************

**Girls cricket  :**

সদর আন্তঃস্কুল টি টোয়েন্টি ক্রিকেটে গতকালের  দুটি ম্যাচে জয় পেয়েছে বড়দোয়ালি হাই স্কুল এবং আসাম রাইফেলস পাবলিক স্কুল। নীপকো মাঠে

আয়োজিত ম্যাচে আসাম রাইফেলস প্রথমে ব্যাট করতে নেমে ২১৪ রান করে। দলের পক্ষে অনুস্কা টুডু একাই ১১৯ রান করেন। জবাবে সেন্ট পলস স্কুল মাত্র ২৭ রানই তুলতে সক্ষম হয়। তালতলা স্কুল মাঠে আয়োজিত অপর খেলায় বড়দোয়ালি হাই স্কুল ৪৮ রানে ভবনস ত্রিপুরা বিদ্যামন্দিরকে পরাজিত করেছে।

**********************

**Weather**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। রাজ্যের সবকয়টি জেলায় বিক্ষিপ্ত ভাবে ভারি বৃষ্টি পাতের সতর্কতা দেওয়া হয়েছে।আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি পাতের পরিমাণ ছিল ৩.৬ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.১ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩২ ডিগ্রির কাছাকাছি।

**********************

************************